

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ
(Teachers Training College for Special Education)
জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, সমাজসেবা অধিদফতর
মিরপুর-১৪, ঢাকা-১২০৬।

**ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন (বি.এস.এড) এবং মাস্টার অব স্পেশাল এডুকেশন (এম.এস.এড)
কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি**

সমাজসেবা অধিদফতরধীন জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্রের 'বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজে (জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত) ২০২২ শিক্ষাবর্ষে ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন (বি.এস.এড) এবং মাস্টার অব স্পেশাল এডুকেশন(এম.এস.এড) কোর্সে ভর্তির জন্য অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তি সংক্রান্ত তথ্য নিম্নে দেয়া হলো:

০১	কোর্সের নাম	১। ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন (বি.এস.এড) ২। মাস্টার অব স্পেশাল এডুকেশন(এম.এস.এড)
০২	কলেজের নাম(ইংরেজি)	Teachers Training College for Special Education
০৩	কলেজ কোড	6567
০৪	কোর্সের মেয়াদ	১(এক) বছর (জানুয়ারি/২২ হতে ডিসেম্বর/২২ পর্যন্ত)
০৫	ক্লাসের সময়সূচি	শনিবার হতে বৃহস্পতিবার পর্যন্ত (সকাল ৯.০০ টা হতে ২.০০ টা পর্যন্ত) শ্রেণী ক্লাস /অনলাইনক্লাসে উপস্থিতি বাধ্যতামূলক
০৬	আবেদনকারীর যোগ্যতা	বি.এস.এড কোর্সে আবেদনের যোগ্যতাঃ জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ৩ বছর মেয়াদী স্নাতক(পাশ)/ স্নাতক (সম্মান)/৪ বছরমেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ পেতে হবে। এম.এস.এড কোর্সে আবেদনের যোগ্যতাঃ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে বি.এস.এড পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ/ জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীগণ আবেদন করতে পারবেন।
০৭	আবেদন ফি	৩০০/(তিনশত) টাকা (জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ২০০/টাকা এবং কলেজের অংশ- ১০০/টাকা)
০৮	ভর্তির আবেদন ফরম পূরণের নিয়মাবলী	১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.edu.bd/admissions) এর Masters Professional অপশনে ক্লিক করে Apply Now অপশনের মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এ ক্ষেত্রে কলেজ নির্বাচনের ক্ষেত্রে 'Teachers Training College for Special Education-6567 সিলেক্ট করতে হবে। এ সংক্রান্ত অন্যান্য তথ্য ওয়েবসাইট থেকে জানা যাবে। ২। আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটি নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি সহ নির্ধারিত তারিখের মধ্যে কলেজে জমা দিতে হবে।
০৯	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ	২০/০১/২০২২ তারিখ হতে ০৮/০২/২০২২ তারিখ পর্যন্ত
১০	আবেদনকারীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন কলেজে জমাদানের তারিখ	২২/০১/২০২২ তারিখ হতে ০৯/১২/২০২২ তারিখ পর্যন্ত
১১	ফলাফল প্রকাশ	জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ভর্তির ফলাফল জানা যাবে।
১২	অন্যান্য	১। চাকুরীরত প্রার্থীগণ নিয়োগকারী কর্তৃপক্ষ থেকে ভর্তির অনুমতি ও ১(এক)বছরের ছুটি গ্রহণ পূর্বক আবেদন করতে পারবেন। আবেদনের সাথে অনুমতি পত্র জমা দিতে হবে। ২। জাতীয় বিশ্ববিদ্যালয়/ অন্যান্য বিশ্ববিদ্যালয়ে যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী উক্ত কোর্সে ভর্তির আবেদন করতে পারবেন না।

২০/১/২২
রোখসানা পারভীন
অধ্যক্ষ

ফোন-০২-৪৮০৩৮৩৪৮